যুগান্তর

তারিখ ... 23 MAY 2012 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ২ .....

THE DAILY JUGANTOR

আট দফা দাবি বাস্তবায়নের দাবিতে রোববার প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের মৌনমিছিল — যুগান্তর

দফা দাবিতে স্মারকলিপি
পলিটেকনিক শিক্ষকদের মিছিলে পুলিশের বাধা

যুগান্তর রিপোর্ট

অধ্যাপক এবং প্রভাষক মর্যাদা প্রদানসহ আট দফা দাবিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্দেশে রোববার স্মারকলিপি দিতে গিয়ে পুলিশি বাধার মুখে পড়েন পলিটেকনিক শিক্ষকরা। শিক্ষকরা অভিযোগ করেন, পূর্বঘোষিত আন্দোলন কর্মসূচি মোতাবেক রোববার বেলা

বাধা : পৃষ্ঠা ১৯ : কলাম ৩

বাধা পুলিশের

(শেষ পৃষ্ঠার পর)

১১টার দিকে তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে জড়ো হন শিক্ষকরা।

এরপর সাতরাস্তা মোড়-এমডিসি হয়ে সোনারগাঁও মোড়ে পৌঁছলে পুলিশ তাদের মিছিলে বাধা দেয়। এ সময় শিক্ষকদের সঙ্গে পুলিশের বেশ কিছুক্ষণ কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে শিক্ষকরা তাদের মৌন মিছিলে বাধা প্রদান করার প্রতিবাদ করেন। পরে শিক্ষকদের একটি প্রতিনিধি দল পুলিশের গাড়িতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি প্রদান করেন। প্রতিনিধি দলে ছিলেন পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক নির্মল চন্দ্র শিকদার, পলিটেকনিক শিক্ষক পরিষদের সভাপতি ফরিদ মোঃ আবদুল মান্নান এবং সাধারণ সম্পাদক তরুণ কুমার নাথ।